

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুলাই ১৪, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ২৪ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/০৮ জুলাই ২০১৫ খ্রিস্টাব্দ

নং ১৪.০০.০০০০.০১২.০১৪.০২৩.১৫-২০০—ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন
বিচিসিএল কর্তৃক বাস্তবায়নাধীন “ডিজিটাল বাংলাদেশের জন্য ওয়্যারলেস ব্রডব্যান্ড নেটওয়ার্ক স্থাপন”
শীর্ষক প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে পরিচালনার জন্য দিক নির্দেশনা প্রদান, অগ্রগতির মূল্যায়ন এবং
সমস্যাসমূহের সমাধানের নিমিত্তে মনিটরিং কমিটি নিম্নরূপে গঠন করা হলো।

(ক) কমিটির গঠন

- | | | |
|-----|--|-------------------|
| (১) | যুগ্ম প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ | আহ্বায়ক ও সভাপতি |
| (২) | পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের প্রতিনিধি | সদস্য |
| (৩) | পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের প্রতিনিধি | সদস্য |
| (৪) | পরিকল্পনা বিভাগের সাধারণ অর্থনীতি বিভাগের প্রতিনিধি | সদস্য |
| (৫) | বাস্তবায়ন, পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি | সদস্য |
| (৬) | অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি | সদস্য |
| (৭) | প্রকল্প পরিচালক, “ডিজিটাল বাংলাদেশের জন্য ওয়্যারলেস
ব্রডব্যান্ড নেটওয়ার্ক স্থাপন” প্রকল্প, বিচিসিএল | সদস্য |

(৫৮০৯)
মূল্য : টাকা ৮.০০

(৮)	প্রধান কর্মাধ্যক্ষ (পরিকল্পনা ও উন্নয়ন), বিটিসিএল	সদস্য
(৯)	পরিচালক (প্রকল্প নিয়ন্ত্রণ), বিটিসিএল	সদস্য
(১০)	পরিচালক/বিভাগীয় প্রকৌশলী (পরিকল্পনা ও উন্নয়ন অঞ্চল), বিটিসিএল	সদস্য
(১১)	সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ	সদস্য-সচিব

(খ) কমিটির কার্যপরিধি :

- (ক) প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম নিরিঢ়িভাবে পর্যবেক্ষণ করা;
- (খ) প্রকল্প বাস্তবায়নে সমস্যাসমূহ চিহ্নিত করা;
- (গ) প্রকল্পের অর্জিত অগ্রগতি বিশ্লেষণ;
- (ঘ) প্রকল্পের সমস্যাসমূহ স্টিয়ারিং কমিটিতে আলোচনার জন্য সুপারিশকরণ;
- (ঙ) কমিটি প্রয়োজনে সদস্য সহ-যোজন (Co-opt) করতে পারবে।

২। প্রতি ০২ (দুই) মাসে একবার এই কমিটির সভা অনুষ্ঠিত হবে। তবে বিশেষ প্রয়োজনে সভাপতি জরুরী সভা আহ্বান করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নূরুন নাহার
সহকারী প্রধান।